ইত্তেফাক

তারিখ 20/4/79
পৃষ্ঠা 1 কলাম 3

057

# শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) সারা দেশে শান্তিপূর্ণভাবে এস,এস,সি পরীক্ষা শুরু হইয়াছে। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক গতরাত্রে জানান যে, ঢাকা নগরীসহ বোর্ডের বিভিন্ন স্থানের পরীক্ষা কেন্দ্রে প্রথমদিনে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। কোথাও কোন দুর্ঘটনা কিংবা পরীক্ষার্থী বহিষ্কার, অসদুপায় অবলম্বনের খবর পাওয়া যায় নাই।

গতকাল (বৃহস্পতিবার) নারায়ণগঞ্জ পরীক্ষা কেন্দ্রে ২ হাজার ১ শত ৮৬ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ১ শত ৫৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। ইহা ছাড়াও নারায়ণগঞ্জের মুড়াপাড়া কেন্দ্রে ৩ শত ৩১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে।

নরসিংদী হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান যে, শহরের দুইটি পরীক্ষাকেন্দ্রে শান্তিপূর্ণভাবে প্রথমদিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়।